গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃংখলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৫৩.২০১৬-৩২৯ তারিখঃ ২৬.০৭.২০১৭ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু, ডাঃ মহসিন করিম (৪২৮৯৩), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ধর্মপাশা, সুনামগঞ্জের (প্রাক্তন আবাসিক মেডিকেল অফিসার, আধুনিক সদর হাসপাতাল, হবিগঞ্জ) বিরুদ্ধে হবিগঞ্জ মডেল থানার মামলা নং-২৯, তারিখ-২৬.০৭.২০১৪ (ধারা-৩০২/২০১/৫১১ ৩৪ দন্ডবিধি) এবং জিআর-২২০/২০১৪ (হবিগঞ্জ) মামলায় জনৈক মৃত শাহীন মিয়ার শরীরের ময়না তদন্ত রিপোর্ট এবং রাসায়নিক পরীক্ষার রিপোর্ট বিজ্ঞ আদালতে দাখিল করা হলে মৃত্যুর কারণ নির্ণয়ে পেশাগত চরম গাফিলতি ও দায়িত্বে অবহেলা করছেন মর্মে বিজ্ঞ আদালতের নিকট প্রতীয়মান হওয়ায় ও বিভাগীয় মামলা দায়েরের নির্দেশনা প্রদান করায় সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে ১৯.১২.২০১৬ খ্রিঃ ৪৫.১৫০.০২৭.০১.০০.১৫৩.২০১৬-৯১৩নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন ও গত ০৯.০২.২০১৭ খ্রিঃ তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয় এবং তদন্ত কমিটি গঠন করে বিষয়টি তদন্তের দায়িত্ব দেয়া হয়;

যেহেতু, তদন্ত কমিটি ময়না তদন্তের রিপোর্ট এবং রাসায়নিক পরীক্ষার রিপোর্টের ভিত্তিতে মৃত্যুর কারণ নির্ণয়ে পেশাগত চরম গাফিলতি ও দায়িত্বে অবহেলা করেছেন মর্মে অভিযোগ প্রমাণিত নয় মর্মে মতামত প্রদান সত্ত্বেও দেখা যায় যে, আদালতের নিকট ডাঃ মহসিন করিম (৪২৮৯৩) এর দাখিলকৃত জবাব সন্তোষজনক মর্মে বিবেচিত হয়নি, তদজন্য বিজ্ঞ আদালত তাঁকে ভবিষ্যতে সতর্কতার সাথে কাজ করার জন্য এবং কাটাকাটির ক্ষেত্রে নিয়মনীতি অনুসরণ করার জন্য কঠোরভাবে নির্দেশনা প্রদান করেন। বিজ্ঞ আদালতের পর্যবেক্ষণ অনুযায়ী প্রতীয়মান হয় যে, অধিকতর মনোযোগের অভাবে এ ধরণের ত্রুটি সংঘটিত হয়েছে। প্রথম শ্রেণির একজন কর্মকর্তা এবং চিকিৎসক হিসেবে তাঁর এহেন আচরণ গ্রহণযোগ্য নয়।

এমতাবস্থায়, ডাঃ মহসিন করিম (৪২৮৯৩), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ধর্মপাশা, সুনামগঞ্জের (প্রাক্তন আবাসিক মেডিকেল অফিসার, আধুনিক সদর হাসপাতাল, হবিগঞ্জ) বিভাগীয় মামলার কারণ দর্শানো নোটিসের জবাব, শুনানি এবং আদালতের পর্যবেক্ষণের আলোকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিমতে তাঁকে 'তিরস্কার (Censure)' প্রদানপূর্বক বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৬.৭.১৭
(মোঃ সিরাজুল হক খান)
সচিব

উপপরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৫৩.২০১৬-৩২৯/১(৯) তারিখঃ ২৬.০৭.২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। যুগ্মসচিব (পার-২ অধিশাখা)/উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫। সিভিল সার্জন, হবিগঞ্জ।
৬। তত্ত্বাবধায়ক, আধুনিক সদর হাসপাতাল, হবিগঞ্জ।
৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশ ও সংশ্লিষ্ট কর্মকর্তার পিডিএস-এ উল্লিখিত ই-মেইলে প্রেরণের অনুরোধসহ)।
৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৯। ডাঃ মহসিন করিম (৪২৮৯৩), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ধর্মপাশা, সুনামগঞ্জ।

২৬/০৭/২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃংখলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৫১.২০১৬- ৬৬০ তারিখঃ ২০.০৭.২০১৭খ্রিঃ

বিষয়ঃ তদন্তের জন্য সময় বৃদ্ধি প্রসঙ্গে।

সূত্রঃ ১। সিভিল সার্জন, রাজশাহীর ৩১/০৫/২০১৭ তারিখের ১৭৮৬ সংখ্যক পত্র।
২। এ মন্ত্রণালয়ের শৃংখলা-১ শাখার ১২/০৪/২০১৭ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১৫১.২০১৬-১৯৯ সংখ্যক আদেশ।

সূত্রোক্ত বিষয়ে ডাঃ মোঃ আমিনুল ইসলাম (১২৫৪৮৭) মেডিকেল অফিসার হিসেবে উপস্বাস্থ্য কেন্দ্র, চারঘাট, রাজশাহী এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র অভিযোগে দায়েরকৃত বিভাগীয় মামলায় আনীত অভিযোগ তদন্ত করার সময়সীমা ডাঃ সঞ্জিত কুমার সাহা(৩৩৯৯৩), সিভিল সার্জন, রাজশাহী এর আবেদনের প্রেক্ষিতে পত্র জারির তারিখ থেকে ০১(এক) মাস বর্ধিত করা হল।

20/07/2017
(আসমা তাসকিন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd

ডাঃ সঞ্জিত কুমার সাহা(৩৩৯৯৩),
সিভিল সার্জন, রাজশাহী।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৫১.২০১৬- ৬৬০ / ১(৩) তারিখঃ ২০.০৭.২০১৭খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

20/07/2017
(আসমা তাসকিন)
উপসচিব